

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: গাড়ি চালক পদে জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	গাড়ী চালক হালকা লাইসেন্সধারী (৯৩০০-২৩৪৯০/-)	১১ (এগার) টি	(ক) অষ্টম শ্রেণীর সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (খ) হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।	ক. ঢাকা, গাজিপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাজশাহী, নওগা, নাটোর, বগুড়া, রংপুর দিনাজপুর, গাইবান্দা, কুড়িগ্রাম, নিলফামারী, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, সিলেট, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। খ. এতিম/প্রতিবন্ধি কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবে।

শর্তাবলীঃ

১। নির্ধারিত ছক পূরণ পূর্বক স্বাক্ষরিত আবেদনপত্র মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে আগামী ০৭-১২-২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালে ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে। উক্ত তারিখের পর ডাক বিভাগের মাধ্যমে প্রাপ্ত হলে ও কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উল্লিখিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছানো নিশ্চিত করতে হবে।

২। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৩। ক) ০৭-১২-২০১৭ তারিখে আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর এবং অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান / প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর।

খ) সরকারী নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তান, মহিলা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ, এতিম, প্রতিবন্ধী এবং ক্ষুদ্র-গৃ-গোষ্ঠী কোটা সংরক্ষণ করা হবে।

গ) মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনপত্র ও খামের উপর অবশ্যই “মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধার সন্তান” এবং অন্যান্য কোটার ক্ষেত্রে কোটার নাম মোটা অক্ষরে উল্লেখ করতে হবে।

ঘ) সরকারি আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

চ) মৌখিক পরিক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং একসেট জমা দিতে হবে।

ছ) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরিক্ষার অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪। আবেদনকারীকে ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেট সহ একটি খামের ডান দিকে নিজ ঠিকানা লিখে (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) খামটি আবেদন পত্রের সংঙ্গে সংযুক্ত করতে হবে।

৫। খামের উপর অবশ্যই পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে।

৬। আবেদন পত্রে কোন ভুল তথ্য প্রদান করা হলে বা কোন প্রকার জালিয়াতির আশ্রয় গ্রহণ করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তি বাতিল করার এবং বিজ্ঞাপিত পদের সংখ্যা কম বা বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। প্রার্থীগণ আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক থেকে ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার “মহাপরিদর্শক” কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বরাবর, আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

১১। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনের নির্ধারিত ছক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

ওয়েবসাইটের ঠিকানাঃ (www.mole.gov.bd এবং www.dife.gov.bd)



৫-১১-২০১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১) ভারপ্রাপ্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) বিজ্ঞাপন ব্যবস্থাপক, বাংলাদেশ প্রতিদিন, প্লট#৩৭১/এ, ব্লক#ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯

(বিজ্ঞাপনটি আগামি ০৬-১১-২০১৭ তারিখের ভিতরের পাতায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।

৩) বিজ্ঞাপন ব্যবস্থাপক, সমকাল, ১৩৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। (বিজ্ঞাপনটি ০৬-১১-২০১৭ তারিখের ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ জানানো হ'ল।

৪) বিজ্ঞাপন ব্যবস্থাপক, হলিডে বিল্ডিং, ৩০ তেজগাঁও ইন্ডাস্ট্রিয়াল এলাকা, ঢাকা-১২০৮। (বিজ্ঞাপনটি ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ জানানো হ'ল।